

03

**জাতীয় গ্রন্থনীতি : আজ
কমিটির প্রথম বৈঠক**

স্টাফ রিপোর্টার : জাতীয় গ্রন্থনীতি প্রণয়নের উদ্দেশ্যে গঠিত কমিটির প্রথম বৈঠক আজ মঙ্গলবার সকালে জাতীয় গ্রন্থ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। দেশে প্রকাশনা শিল্পের উন্নয়ন, রুচিশীল গ্রন্থ প্রকাশসহ সার্বিক গ্রন্থনীতি প্রণয়নের উদ্দেশ্যে গত ৭ আগস্ট এই কমিটি গঠন করা হয়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গত ফেব্রুয়ারি মাসে ওসমানী স্মৃতি মিলনায়তনে ২১ ফেব্রুয়ারি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অবিলম্বে একটি জাতীয় গ্রন্থনীতি প্রণয়নের ঘোষণা দিয়েছিলেন। সংস্কৃতি মন্ত্রণালয় ইতিপূর্বে ওই ব্যাপারে অনেক অগ্রগতি হয়েছে বললেও মূলত কমিটিই গঠন করা হয়েছে গত ৭ আগস্ট। আজ মঙ্গলবার ১০ সদস্যের এই কমিটির প্রথম বৈঠক (আটেরপাতায় ৫-এর কঃ দঃ)

জাতীয় গ্রন্থনীতি

(প্রথম পৃষ্ঠার পর)

অনুষ্ঠিত হচ্ছে।
সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব ইসলাম উদ্দীন মালিক হচ্ছেন এই কমিটির চেয়ারম্যান। সদস্য-সচিব হচ্ছেন জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক সাখাওয়াত হোসেন। কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন ডঃ আনিসুজ্জামান, খোন্দকার আলী আশরাফ, হুমায়ূন আহমেদ, মনসুর মুসা, মফিদুল ইসলাম, চিত্তরঞ্জন সাহা, মহিউদ্দীন আহমেদ প্রমুখ।